

সীমিত

খাতওয়ারী জানুয়ারি ২০১৯ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী জানুয়ারি ২০১৯ মাসে সর্বমোট ১৫৫ কোটি ৯০ লক্ষ ৭৯ হাজার ৮০০ টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। জানুয়ারি ২০১৯ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ০৮ কোটি ০৯ লক্ষ ৩৬ হাজার টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	অয়্যার রোপ	৪,০০০ মিটার	৮,০০,০০০/০০
২।	কাঁকড়া	২,৬১৫ কেজি	২৬,১৫,০০০/০০
৩।	বান্ধহেড	০৭ টি	১,৪০,৫০,০০০/০০
৪।	ফরমালিন	৪,৭০০ লিটার	৪৮,২০,০০০/০০
৫।	হাজার মাছের শটকি	২৬৫ কেজি	১,৩২,৫০০/০০
৬।	হাজার মাছ	২৭০ কেজি	১,৫৫,০০০/০০
৭।	বোট/ট্রাক	০৪ টি	৩২,৫০,০০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৫ টি	-
২।	তাজা গোলা	০৬ রাউন্ডস	
৩।	রামদা	০১ টি	-
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	১,৯৭,০৬,৫০০ মিটার	৬৮,৯৭,২৭,৫০০/০০
২।	বেহন্দি/মশারি জাল	৭৭৯ পিস	৩,৯৩,৫০,০০০/০০
৩।	অন্যান্য জাল	৭৩,৬১,২০০ মিটার	৬১,৪৩,৭৭,৫০০/০০
৪।	জাটকা	৩০,৬৯৩ কেজি	৬০,৮৮,৮০০/০০
৫।	রেনু পোনা	৪,৩৩,৪৫,০০০ পিস	৯,৪৬,৯০,০০০/০০
৬।	বোট	৩৬ টি	৩,৩৯,১০,০০০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৭০,৬০০ পিস	৩,৫৩,০০,০০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ারমদ	৫২৪ বোতল/ক্যান	৬,৩২,০০০/০০
৩।	গাঁজা	০৭ কেজি	১,৪০,০০০/০০
৪।	সিগারেট	৯,২৮,০০০ শলাকা	৭৫,১৬,৫০০/০০
৫।	দেশীয় মদ	০৪ লিটার	২,০০০/০০
৬।	বোট	০১ টি	৮,০০,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	৩২ ঘনফুট	৪৮,০০০/০০
পরিবশে রক্ষা			
১।	তক্ষক	০১ টি	১,০৫,০০,০০০/০০
২।	হরিণের মাথা	০১ টি	
৩।	হরিণের চামড়া	০৩ টি	
৪।	হরিণের মাংস	০৮ কেজি	
৫।	পলিথিন	১,০৫০ কেজি	১,৭৫,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাডাকা/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	১১ জন	-
উদ্ধার অভিযান			
১।	যাত্রী/ক্রু উদ্ধার	১৮ জন	
২।	মৃতদেহ উদ্ধার	০১ টি	
			সর্বমোট
			১৫৫,৯০,৭৯,৮০০/০০

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে জানুয়ারি ২০১৯ মাসে সর্বমোট ১৪৭ কোটি ৮১ লক্ষ ৪৩ হাজার ৮০০ টাকার ১,৯৭,০৬,৫০০ মিটার কারেন্ট জাল, ৭৩,৬১,২০০ মিটার অন্যান্য জাল, ৩০,৬৯৩ কেজি জাটকা, ৭৭৯ পিছ বেহন্দি/ মশারি জাল, ৪,৩৩,৪৫,০০০ কেজি রেনু পোনা ও ৩৬ টি বোট আটক করা হয়।

৪। অবৈধ অনুপ্রবেশ রোধ। মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশন টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন রয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহুরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। জানুয়ারি ২০১৯ মাসে অত্র বাহিনী কর্তৃক অবৈধভাবে বাংলাদেশে অনুপ্রবেশকালে কোন ব্যক্তিকে আটক/ ফেরত পাঠানো হয়নি।

৫। ডাকাত বিরোধী অভিযান

(ক) গত ২৪ জানুয়ারি ২০১৯ তারিখে অত্র জোনের অধিনস্থ বিসিজি বেইস ভোলা এবং বিসিজি স্টেশন হাতিয়ার যৌথ অপারেশন দল আনুমানিক ০৭০০ ঘটিকায় হাতিয়া থানাধীন গাছিয়ার চরে অভিযান পরিচালনা করে জনৈক ইসমাইল (ইসমাইল ডাকাত) কে আটক করে পরবর্তীতে তার দেওয়া তথ্যের ভিত্তিতে অভিযান পরিচালনা করে ০২টি একনলা দেশীয় বন্দুক এবং ০৩ রাউন্ড তাজা গোলা উদ্ধার করা হয়। আটককৃত ডাকাত, অস্ত্র ও তাজা গোলা হাতিয়া থানায় হস্তান্তর করা হয়।

(খ) গত ২৫ জানুয়ারি ২০১৯ গোপন সংবাদের মাধ্যমে জানা যায়, মোংলা থানাধীন চরের খাল এলাকায় ডাকাত বাহিনীর ডাকাতি কাজে ব্যবহৃত পুরানো ও পরিত্যক্ত অস্ত্র লুকায়িত অবস্থায় আছে। উক্ত সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের একটি বিশেষ অভিযান দল মোংলা থানার অন্তর্গত চরের খাল এলাকায় গমন করে এবং তল্লাশি চালিয়ে চরের খালের ভিতরে ঝোপের মধ্যে পরিত্যক্ত অবস্থায় ০২টি দেশীয় একনলা বন্দুক উদ্ধার করে। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্র মোংলা থানায় হস্তান্তর করা হয়।

(গ) গত ২৬ জানুয়ারি ২০১৯ গোপন সংবাদের মাধ্যমে জানা যায়, মোংলা থানাধীন জোংরার খাল এলাকায় ডাকাত বাহিনীর ডাকাতি কাজে ব্যবহৃত পুরানো অস্ত্র তৈরীর সরঞ্জাম ও গোলা লুকায়িত অবস্থায় আছে। উক্ত সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের একটি বিশেষ অভিযান দল মোংলা থানার অন্তর্গত জোংরার খাল এলাকায় গমন করে এবং তল্লাশি চালিয়ে জোংরার খালের ভিতরে ঝোপের মধ্যে পরিত্যক্ত অবস্থায় দেশীয় একনলা বন্দুক তৈরীর কিছু সরঞ্জামাদি ও ০৩ রাউন্ড তাজা গোলা উদ্ধার করে। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্র তৈরীর সরঞ্জামাদি ও তাজা গোলা মোংলা থানায় হস্তান্তর করা হয়।

৬। বিশেষ অভিযান। গত ২৮ জানুয়ারি ২০১৯ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর বিসিজি বেইস ভোলা কর্তৃক ভোলা জেলার সদর উপজেলাধীন মাঝেরচর এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযান পরিচালনাকালে ০১টি সিঞ্জেল ব্যারেল গান এবং ০১টি রামদা উদ্ধার করা হয়। পরবর্তীতে আটককৃত অস্ত্র ও রামদা ভোলা সদর থানায় হস্তান্তর করা হয়।

৭। অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান। জানুয়ারি ২০১৯ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।